



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৭৬

পিটিআই-তে তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়ক অবহিতকরণ সভা

রাজশাহী; ১৩ মাঘ (২৭ জানুয়ারি):

আজ সোমবার (২৭ জানুয়ারি) বিকালে রাজশাহী পিটিআই সম্মেলন কক্ষে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস (পিআইডি) তথ্য অধিকার আইন-২০০৯ এর বিধি-বিধান সম্পর্কিত অবহিতকরণ সভার আয়োজন করে। সভায় পিটিআই এর শিক্ষক ও প্রশিক্ষণার্থীগণ অংশগ্রহণ করেন।

অবহিতকরণ সভায় রাজশাহী পিআইডির উপপ্রধান তথ্য অফিসার মো: তৌহিদুজ্জামান তথ্য অধিকার আইনের বিধি-বিধান বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন।

পরে অংশগ্রহণকারীদের তথ্য অধিকার আইন বিষয়ক বিভিন্ন প্রশ্নের জবাব দেওয়া হয়।

পিআইডির সিনিয়র তথ্য অফিসার মো: আতিকুর রহমান শাহ্, পিটিআই এর সহকারী সুপারিনটেনডেন্ট মোহা. তোজাম্মেল হক সভায় বক্তৃতা করেন। অন্যান্যের মধ্যে পিআইডি তথ্য অফিসার শারমিন জাহান স্মিতা, পিটিআই ও পিআইডি'র কর্মকর্তা-কর্মচারী এবং প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৬.০০